



## আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ অক্টোবর, ২০২৫)

### কাইচ খোড় (Panicle Initiation) ও খোড় (Booting) পর্যায়ে করণীয়:

- এ পর্যায়ে জমিতে প্রায় ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখা প্রয়োজন, কারণ এ সময়ে শিষ গঠনের প্রক্রিয়া শুরু হয় এবং সামান্য পানির ঘাটতিতে ফলনে বড় ধরনের প্রভাব ফেলে। যদি প্রয়োজনীয় বৃষ্টিপাত না হয় তবে সম্পূরক সেচ দিতে হবে।
- ধান গাছের এ পর্যায়ে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা এবং বাদামী গাছফড়িং এর আক্রমণ হতে পারে।
  - ✓ মাজরা পোকা: জমিতে যদি ১০%, মরা ডিগ অথবা প্রতি স্ফয়ার মিটারে ২-৩টি স্ত্রী মথ দেখা যায় তাহলে অনুমোদিত কীটনাশক যেমন- বেল্ট এক্সপার্ট ৪৮ এসসি (ফ্লুবেনডিয়ামাইড+থায়াক্লোপ্রিড) প্রতি ১০ লিটার পানিতে ৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। আক্রমণের মাত্রা বেশী হলে ১০-১৪ দিন পর দ্বিতীয়বার জমিতে প্রয়োগ করতে হবে।
  - ✓ পাতা মোড়ানো পোকা: জমিতে পাতা মোড়ানো পোকা দ্বারা ২৫% পাতা ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত কীটনাশক যেমন- সাকসেস ২.৫ এসসি (স্পিনোসাড) প্রতি ১০ লিটার পানিতে ১৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে।
  - ✓ বাদামী গাছ ফড়িং: নিয়মিত জমিতে ধান গাছের গোড়া পর্যবেক্ষণের মাধ্যমে বাদামী গাছ ফড়িং এর উপস্থিতি লক্ষ্য করা গেলে জমি থেকে দাঁড়ানো পানি কয়েকদিনের জন্য বের করে দিতে হবে। প্রতি হিলে ২-৩টি স্ত্রী পোকা অথবা ১০টি নিম্ফ দেখা গেলে অনুমোদিত কীটনাশক যেমন-ফুল স্টপ ৮০ ডব্লিউডিজি অথবা পাইরাজিন ৭০ ডব্লিউডিজি (পাইমেট্রোজিন ৬০% +নাইটেনপাইরাম ২০%) প্রতি ১০ লিটার পানিতে ৫ গ্রাম ওষুধ মিশিয়ে ৫ শতাংশ জমিতে গাছের গোড়ায় স্প্রে করতে হবে।
- ধান গাছের এ পর্যায়ে অনেক জায়গায় খোলপোড়া রোগের ব্যাপকতা দেখা যাচ্ছে। কোন কোন জায়গায় পাতার্লাস্ট এবং বাকানি রোগের লক্ষণ প্রকাশ পেতে পারে।
  - ✓ খোলপোড়া রোগ সীমিত মাত্রায় হলে ছত্রাক নাশক প্রয়োগের প্রয়োজন নেই। জমি শুকিয়ে দিয়ে বিঘা প্রতি ৫কেজি অতিরিক্ত পটাশ সার প্রয়োগ করতে হবে। রোগের মাত্রা যদি বেশি হয় তাহলে এমিস্টার টপ/ফলিকুর/টিল্ট অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।
  - ✓ ধানে পাতার্লাস্ট রোগ দেখা দিলে রোগ দেখা দেওয়ার পর বিকাল বেলা টুপার (৮ গ্রাম/১০লি পানি) অথবা নেটিভো (৬ গ্রাম/১০লি পানি) ৫ শতাংশ জমিতে ভালোভাবে স্প্রে করতে হবে। স্পষ্টভাবে বাকানি রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত কুশি গুলো ভেঙে দিতে হবে।

তৈরি ও প্রচারে: রি এগ্রোমেট ল্যাব

যোগাযোগ করুন: উপজেলা কৃষি অফিস / উপসহকারী কৃষি কর্মকর্তা

রি হেল্পলাইন: ০৯৬৪৪৩০০৩০০